দৈনিক
ইত্তেফাক

তারিখ . . 03 DEC. 2015 ...
পৃষ্ঠা ১৩ ... কলাম ... ৫ .....

# জাবিতে ক্লাস চালুর দাবিতে প্রশাসনিক ভবন ঘেরাও

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক ড. মো.মনজুরুল হাসানের অপসারণ ও ক্লাস পরীক্ষা চালু করার দাবিতে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ভবনে অবস্থান ধর্মঘট পালন করেছে ওই বিভাগের শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গতকাল বুধবার তারা এ ধর্মঘট পালন করে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলামের আশ্বাসের ভিত্তিতে তারা ধর্মঘট উঠিয়ে নেয়। ভূগোল ও পরিবেশ বিভাগের ৩৭তম ব্যাচের মাস্টার্সের চূড়ান্ত পরীক্ষা কমিটির সভাপতি ছিলেন অধ্যাপক ড. মো.মনজুরুল হাসান। কিন্তু নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীদের পরীক্ষা নিতে না পারায় বিভাগীয় সভায় তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়। এতে ড. মনজুরুল হাসান বিভাগ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে হাইকোর্টে রিট করেন। এ ঘটনায় বিভাগের অন্য শিক্ষকরা তাকে বিভাগের অন্য সকল দায়িত্ব থেকে অব্যাহতি দেয়। এছাড়া ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায়ও তাকে দায়িত্বের বাইরে রাখা হয়। এ ঘটনায় গত ৭ নভেম্বর কয়েকজন বহিরাগতদের নিয়ে ক্যাম্পাসে আসেন ড. মনজুরুল হাসান। পরে তিনি বিভাগের নানা সমস্যার কথা উল্লেখ করে একটি সংবাদ বিজ্ঞপ্তি দেন। পরে বিভাগীয় একাডেমিক সভায় ওই সংবাদ বিজ্ঞপ্তি উদ্দেশ্য প্রণোদিত ও উস্কানিমূলক বলে উল্লেখ করে শিক্ষকদের নিরাপত্তার জন্য প্রশাসনকে থানায় একটি সাধারণ ডায়রি (জিডি) করতে বলা হয়।

এ জন্য শিক্ষকরা প্রশাসনকে গত ১৪ নভেম্বর পর্যন্ত সময় বেঁধে দেন। কিন্তু প্রশাসন ডায়েরি না করায় গত ১৫ নভেম্বর বিভাগীয় একাডেমিক কমিটির সভায় ক্লাস পরীক্ষা বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম বলেন, বিভাগীয় শিক্ষকদের সাথে আলোচনা সাপেক্ষে অনতিবিলম্বে এ সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।